## ১.৬ দেওয়ানী আদালতের রায়/আদেশ মুলে রেকর্ড সংশোধন:

**সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):**

উপজেলা ভূমি অফিসে আবেদনপ্রাপ্তির পর বিবিধ কেস নথি সৃজন করে প্রস্তাব/প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করা হয়। প্রস্তাব/ প্রতিবেদনপ্রাপ্তির পর তা যাচাই করে সরকারি স্বার্থ জড়িত না থাকলে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক কার্যক্রম গ্রহণ করা হয়। সরকারি স্বার্থ জড়িত থাকলে মতামতসহ নথি অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বরাবর প্রেরণ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সংশ্লিষ্ট কাগজপত্র/ দলিলাদি পরীক্ষা করেন। প্রয়োজনে বিজ্ঞ জিপির মতামত গ্রহণ করেন এবং সহকারী কমিশনার (ভূমি) এর মতামত যাচাই/পরীক্ষান্তে অনুমোদন করে নথি সহকারী কমিশনার (ভূমি) বরাবর প্রেরণ করেন অথবা আপীল করার পরামর্শ দেন বা মতামতের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করেন। অনুমোদনপ্রাপ্তির পর সহকারী কমিশনার (ভূমি) প্রস্তাবপত্র ও দেওয়ানি আদালতের আদেশ মোতাবেক খতিয়ানের কপি প্রস্তুত করে উপজেলা ভূমি অফিসে প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে আদেশ দিবেন। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা উক্র আদেশ মোতাবেক প্রস্তাবপত্র ও ৫ পাঁচ) কপি খতিয়ান প্রস্তুত করের উপজেলা ভূমি অফিসে প্রেরণ করবেন। সহকারী কমিশনার (ভূমি) আদেশনামায় দেওয়ানি আদালতের রায়ের বিষয়টি উল্লেখ করে খতিয়ান সংশোধনের আদেশসহ প্রস্তুতকৃত খতিয়ানে স্বাক্ষর করবেন। **প্রয়োজনীয় ফি আদায় সাপেক্ষে স্বাক্ষরকৃত খতিয়ান আবেদনকারীকে ১ (এক) কপি, মূল নথিতে ১ (এক) কপি, মূল খতিয়ান ভলিউমের সঙ্গে ১ (এক) কপি, জেলা রেকর্ড রুমে ১ (এক) কপি এবং ইউনিয়ন ভূমি অফিসের মূল ভলিউমে ১ (এক) কপি সংরক্ষণের জন্য প্রেরণ করা হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা রেজিস্টার-২ হালনাগাদ করে প্রতিবেদন দাখিল করার মাধ্যমে এই প্রক্রিয়া সম্পন্ন হয়।**

**সেবা প্রাপ্তি সময়:** সাধারণত ৪৫ দিন

**প্রয়োজনীয় ফি:**

১। আবেদনের সঙ্গে কোর্ট ফি- ২০ টাকা; ২। নোটিশ জারি ফি- ৫০ টাকা; এবং

**নামজারি জমাভাগ/জমাএকত্রিকরণ আবেদন মঞ্জুর হবার পর-**

১। রেকর্ড সংশোধন ফি- ১০০০ টাকা; ২। খতিয়ান ফি- ১০০ টাকা

**সেবা প্রাপ্তির স্থান:** উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী:** ১। জেলা প্রশাসক; ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ৩। উপজেলা নির্বাহী অফিসার ; ৪। সহকারী কমিশনার (ভূমি)

**প্রয়োজনীয় কাগজপত্র:**

১। সর্বশেষ নামজারি ও জমাভাগ/জমা একত্রিকরণের খতিয়ান (প্রযোজ্য ক্ষেত্রে)
২। ওয়ারিশ সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) (অনধিক ০৩ মাসের মধ্যে ইস্যুকৃত)
৩। মূল দলিলের ফটোকপি/সার্টিফাইড কপি
৪। সর্বশেষ জরিপের পর থেকে আবেদনকারীর আবেদন পর্যন্ত সময় পর্যন্ত হস্তান্তরের বায়া/পিট দলিল
৫। হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা
৬। আদালতের রায়/আদেশ/ডিক্রি থাকলে আদেশের সার্টিফাইড কপি
৭। আদালতের রায়/আদেশ/ডিক্রি থাকলে আরজির সার্টিফাইড কপি
৮। জমির চৌহদ্দিসহ কলমি নক্সা
৯। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি
১০। আবেদনের সঙ্গে আবেদনকারীর সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি;
১১। আবেদনকারীরি পক্ষে মনোনীত কোনো ব্যাক্তি শুনানীতে থাকতে চাইলে ছবিসহ হলফনামার কপি।

**সেবা প্রাপ্তির শর্তাবলি:** আবেদনের সাথে- মামলার আরজি ও রায়ের সার্টিফাইড কপি দাখিল

**সংশ্লিষ্ট আইন ও বিধি:**

১। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০
২। প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫
৩। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০
৪। ভূমি মন্ত্রণালয়ের ৩০ জুন ২০১৫ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.০৮-৫৯৮ নম্বর পরিপত্র
৫। ভূমি মন্ত্রণালয়ের ১১ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ৩১.০০.০০০০.৬৮.০০৬.১৯-৭১৪ নম্বর পরিপত্র।

**সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:** জেলা প্রশাসক / অতিরিক্ত জেলা প্রশাসক।

## সেবার নামঃ দেওয়ানি আদালতের রায়/আদেশমূলে রেকর্ড সংশোধন

**ধাপ সংখ্যা: ১৩ টি**
**সম্পৃক্ত জনবল: ১০ জন**
**সময়: ৪৫ কার্যদিবস**

